বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীতে দোয়া মহাফিল ও আলোচনা সভা

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৩নং ওয়াডের শুভরাজপুর গ্রামে আলোচনা সভা ও দোয়া মাহফিলের মধ্যে দিয়ে বঙ্গবন্ধু‘র জন্মশতবার্ষিকী পালন।

মঙ্গলবার সন্ধায় দোয়া মাহফিল পরিচালনা করেন জেলা পরিষদের সদস্য মোঃ ইমতিয়াজ হোসেন মিরন.মিরনের নেতৃত্বে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শুভরাজপুর গ্রাম প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

মো: আনোয়ার হোসেনের সঞ্চালনায় সভাপতিত্ব করেন মো: শমসের বিশ্বাস,এ সময় অন্যদের মধ্যে সেখানে উপস্থিত বক্তব্য রাখেন জেলা পরিষদের সদস্য মোঃ ইমতিয়াজ হোসেন মিরন, ওয়াড সভাপতি শাহার আলী, সম্পাদক মোঃ আব্দুর রশিদ, ৩ নং ওয়াড ইউ পি সদস্য মোঃ আশরাফুল হক,মোঃ কোরবান আলী, মোঃ জাহিদ হোসেন, মোঃ গোলাম, মো: নাসির উদ্দিন, মোঃ আহসান হাবিব হেনা সহ অনেকে সেখানে উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে আলোকসজ্জা

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে সোমবার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর শেখ রাসেল নগর পার্কে আলোকসজজ্জার বিভিন্ন দৃশ্য। ছবি-পিবিএ

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

নানা আয়োজনের মধ্যে দিয়ে চুয়াডাঙ্গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে।

দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার সকালে বঙ্গবন্ধু ও বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে একে একে জেলা আওয়ামীলীগ ও বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন এবং সকল সরকারি প্রতিষ্ঠান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে।

জেলা আওয়ামীলীগের পক্ষে দলীয় সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি পুষ্পমাল্য অর্পণ করেন। সকাল ৯টায় জেলা প্রশাসকের কার্যালয়ে অবস্থিত ডিসি সাহিত্য মঞ্চে শিক্ষার্থীদের নিয়ে সীমিত আকারে সঙ্গীত, কুইজ, চিত্রাঙ্কন, আবৃত্তি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে দিবসের শুরুতে জেলা আওয়ামীলীগ কার্যালয়ের সামনেও জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

মেপ্র/ইএম

কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের ভারপ্রাপ্ত সভাপতি মনোনিত হওয়ায় এমপি টগর কে ফুলেল শুভেচ্ছা

চুয়াডাঙ্গা-২ আসন সংসদ সদস্য হাজি মো. আলী আজগার টগর এমপি কে ফুলেল শুভেচছা জানিয়েছেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের

ভারপ্রাপ্ত সভাপতি রফিকুল ইসলাম এপি।

গতকাল রবিবার রাত ৯ টায় দর্শনা পৌর আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে শুভেচ্ছা জানানো হয়।

এ সময় দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান জননেতা আলি মুনছুর বাবু, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, যুগ্ম সম্পাদক ইউপি চেয়ারম্যান এসএম জাকারিয়া আলম, সাংগাঠনিক সম্পাদক ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, অ্যাড. রফিকুল ইসলাম রান্টু, জেলা পরিষদের সদস্য আবু জাফর, ইউসুফ উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সাধারণ সম্পাদক হযরত আলী, দপ্তর সম্পাদক রকিবুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি সহসভাপতি ইমদাদুল হক ইমন, সাংগাঠনিক সম্পাদক আরিফুল ইসলাম,আতিকুল ইসলাম, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক মইফুল ইসলাম সহ সম্পাদক মঞ্জুর রাশেদ তুহিন, যুবলীগ নেতা মঞ্জুর আহমেদ লিটন, আবু জাফর, বিল্লাল হোসেন, আক্তার হোসেন, তারিকুল ইসলাম প্রমুখ।

এসময় এমপি আলী আজগার টগর বলেন, প্রধানমন্ত্রী আমাদের দেশটাকে সাংস্কৃতি ও ক্রীড়াসহ সর্বক্ষেত্রে সমান তালে এগিয়ে নিতে কাজ করছে বলেই আমরা এতটা পথ এগিয়ে আসতে পেরেছি।

যুবলীগ তাঁর আপন মহিমায় জাতির পিতার আর্দশ বুকে নিয়ে কাজ করে গেলে দ্রুতই আমাদের দেশ বঙ্গবন্ধু স্বপ্নের সোনার বাংলা হবে।

উল্লেখ্য যে গত বছর কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুর রাজ্জাকের মৃত্যু তে পদ শূন্য হওয়ায় গত ৬ মার্চ কার্ষনিবাহী কমিটির সভায় ১ নং সিনিয়র সহসভাপতি রফিকুল ইসলাম এপি কে সর্বসম্মতিক্রমে ভারপ্রাপ্ত সভাপতি মনোনিত করেন।

মেপ্র/আরপি

ঐতিহাসিক ৭ মার্চে কোন কর্মসূচীই ছিলনা গাংনী উপজেলা আওয়ামী লীগের

ঐতিহাসিক ৭ মার্চ। দিনটি উপলক্ষে জাতীয় ভাবে কর্মসূচী থাকলেও কোন কর্মসূচীই ছিলনা গাংনী উপজেলা আওয়ামী লীগের। শুধু মাইকে জাতির জনকের ভাষণ বাঁজিয়েই দিন পার করেছে উপজেলা আওয়ামী লীগ।

কোন কর্মসূচী পালন না করায় সাধারণ নেতা কর্মীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাষ্টার জানান, ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে মাইকে ভাষণ প্রচার ছাড়া তেমন কোন কর্মসূচী ছিলনা গাংনী উপজেলা আওয়ামী লীগের। গাংনী বাজার ও হাসপাতাল বাজারে মাইকে ভাষণ করা হয়েছে।

এ বিষয়ে কথা বলতে গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে তিনি রিসিভ করেনি।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন দেশের বাইরে থাকায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

এদিকে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক বলেন, বেশ কয়েক বছর জাতীয় কোন কর্মসূচীই পালন করেনা গাংনী উপজেলা আওয়ামীলীগ। আমি বিভিন্ন সময়ে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের ব্যানারে জাতীয় ও ঐতিহাসিক দিবসগুলো পালন করে থাকি।

এছাড়া দেশজুড়ে যখন জাতির জনকের ঐতিহাসিক দিনটি পালিত হচ্ছে ঠিক সে সময় গাংনী উপজেলা আওয়ামী লীগের কোন কর্মসূচী না থাকাটা দু:খ জনক।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সেচ্ছাসেবকলীগ আহবায়ক আরিফুল এনাম বকুল।

এছাড়া বক্তব্য রাখেন, সেচ্ছাসেবকলীগ নেতা তারিফুল ইসলাম জীবন, মেহেরপুর সদর উপজেলা সেচ্ছাসেবকলীগের সভাপতি ছানোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক আরিফ শাহ, সাবেক ছাত্রনেতা হুমায়ন কবির রিপন, সেচ্ছাবেকলীগ নেতা আব্দুল মান্নান প্রমুখ।

এসময় ছাত্রলীগ নেতা আসিফ ইকবাল অনিক সহ সেচ্ছাসেবকলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাবেক ছাত্র নেতা জীবন আকবর।

মেপ্র/আরপি

কুতুবপুর ইউনিয়নে বিসিএল এর কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বাংলাদেশ ছাত্রলীগ (বিসিএল) এর কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার বিকালে কুতুবপুর গ্রামে এ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বাংলাদেশ ছাত্রলীগ বিসিএল এর মেহেরপুর জেলা শাখার সভাপতি নুরু উছ-ছাপা প্লাবন তুহিন রেজাকে সভাপতি ও স্বাধিন রানাকে সাধারণ সম্পাদক হিসেবে নাম ঘোষনা করেন।

৯ সদস্যের এই কমিটির অন্য সদস্যরা হলেন, সদস্য মাজেদুল ইসলাম, ইউস্ফু হাসান, হিমেল, রবিন, সবুজ, বাকিব, বিজন।

এসময় উপস্থিত ছিলেন, সদর উপজেলা সভাপতি সাব্বির হোসেন, সহ সভাপতি মিঠুন।

মেপ্র/আরপি

গ্রামকে শহরে রুপান্তর করার কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে-প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দিয়েছিল প্রতিটি গ্রামকে শহরে পরিণত করা হবে। গ্রামকে শহরে রুপান্তর করার কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। এখন গ্রাম গুলোতে কাচা রাস্তা খুজে পাওয়া মুশকিল। দোর গোড়ায় চিকিৎসা সেবা, তথ্য প্রযুক্তি সেবা সহ প্রয়োজনীয় সকল সেবা এখন গ্রাম থেকেই পাচ্ছে জনগণ।

কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি কে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরও বলেন, আমরা মুজিবনগর মেহেরপুরের মানুষ। বাংলাদেশের যেকোন জায়গায় আমাদের পরিচয় দিতে গর্ব হয়।

বর্তমান সরকারের উন্নয়ন কর্মকান্ড তুলে ধরে তিনি বলেন, বাংলাদেশের এমন কোন জায়গা নেই যেখানে উন্নয়ন হচ্ছে না। প্রত্যেকটি ক্ষেত্রে উন্নয়নের জোয়ার বয়ে যাচ্ছে।

মেহেরপুরের ভৈরব খনন, শিক্ষা প্রতিষ্ঠানে দৃষ্টি নন্দন ভবন নির্মান, বিভিন্ন জায়গায় রাস্তা নির্মান, মেহেরপুর থেকে কুষ্টিয়া পর্যন্ত চার লেন সড়কের অনুমোদন সহ বিভিন্ন উন্নয়ন মূলক কাজ তুলে ধরে জনগনকে সরকারের পাশে থাকার আহবান জানান ফরহাদ হোসেন এমপি।

এছাড়াও তিনি বলেন, ভৈরব নদের বাকি অংশ খনন করার কাজ ও মেহেরপুরে রেল সংযোগের কাজ দ্রুত শুরু হবে। আগামী কয়েক বছরের মধ্যে মেহেরপুরে আর কোন কাজ বাকি থাকবে না।

শুক্রবার বিকালে কুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী মাস্টার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুর রব, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম শাহীন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন চুন্ন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সদস্য আনারুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহজামান, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরণ, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আরিফুর রহমান, যুবলীগ নেতা সেলিম রেজা প্রমুখ।

মেপ্র/আরপি